

উপজেলা প্রাণিসম্পদ বিভাগের স্ট্যান্ডিং কমিটি সভার কার্যবিবরণী  
ফুলপুর, ময়মনসিংহ।

সভাপতি: জনাব মোঃ আনিছুর রহমান(আনিছ)  
সভাপতি, উপজেলা প্রাণিসম্পদ বিভাগের স্ট্যান্ডিং কমিটি ও  
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলপুর, ময়মনসিংহ।

সভার স্থান: উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, ফুলপুর, ময়মনসিংহ।  
তারিখ: ০১-০৯-২০২২ খ্রি. সময়: সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর:-

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১			
০২			
০৩			
০৪			
০৫	ডাঃ আব্দুর রেজ্জাক	উপজেলা প্রাণিসম্পদ অফিসার	

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভা পরিচালনা করার জন্য জনাব ডাঃ আব্দুর রেজ্জাক, উপজেলা প্রাণিসম্পদ অফিসার ও উপজেলা প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব, ফুলপুরকে অনুরোধ জানান। তিনি আলোচ্য সূচি অনুযায়ী সভার কাজ পরিচালনা করেন।

সভায়, ডাঃ আব্দুর রেজ্জাক, উপজেলা প্রাণিসম্পদ অফিসার ও উপজেলা প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর জনসাধারণের প্রাণিজ খেটিনের চাহিদা পূরণকল্পে দুধ, ডিম ও মাংস উৎপাদনের জন্য আনবরত কাজ করে যাচ্ছে যাতে সাধারণ মানুষ সহজে, পর্যাপ্ত পরিমাণে ও সুলভ মূল্যে তা পেতে পারে। প্রাণিজ খেটিনের উৎপাদন বৃদ্ধির পাশাপাশি গবাদিপশু ও হাঁস মুরগী পালনের মাধ্যমে দারিদ্র বিমোচন, জনসাধারণের আর্থসামাজিক উন্নয়ন ও আত্মকর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে বেকারত্ব দূরীকরণে ভূমিকা পালন করেছে।

তিনি আরো জানান যে, প্রাণিজ খেটিনের উৎপাদন বৃদ্ধির লক্ষে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর খামারীদের প্রশিক্ষণ, গবাদীপশুর চিকিৎসা, রোগ নিয়ন্ত্রণের জন্য ভ্যাকসিন, কৃত্রিম প্রজনন, অনুদান প্রদান, ক্ষুদ্রঋণ প্রদান ও উন্নত জাতের ঘাসের বীজ/কাটিং বিতরণসহ নানাবিধ কার্যক্রম পরিচালনা করে থাকে। এ ছাড়া বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে খামারীদের সহায়তা ও উৎপাদন বৃদ্ধির জন্য কাজ করে থাকে। তিনি আরো বলেন যে, উপজেলা পরিষদের মাধ্যমে উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হলে প্রাণিজ খেটিনের উৎপাদন আরো ত্বরান্বিত হবে। এ বিষয়ে তিনি সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি, উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

সিদ্ধান্তঃ উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপন ও আলোচনা।

বাস্তবায়নঃ উপজেলা পরিষদ ও উপজেলা প্রাণিসম্পদ দপ্তর।

জনাব মোঃ আনিছুর রহমান(আনিছ)

সভাপতি, উপজেলা প্রাণিসম্পদ বিভাগের স্ট্যাঞ্জিং কমিটি ও  
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলপুর, ময়মনসিংহ।

অনুলিপিঃ

স্মারক নং:-

তারিখ: ০১-০৯-২০২২ খ্রি.

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-১৪৭, ময়মনসিংহ-২।
- ২। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা।
- ৩। কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ৪। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ অফিস, ময়মনসিংহ।
- ৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ৬। জেলা প্রাণিসম্পদ অফিসার, ময়মনসিংহ।
- ৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলপুর, ময়মনসিংহ।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, ফুলপুর, ময়মনসিংহ।
- ৯। চেয়ারম্যান, .....ইউ.পি, ফুলপুর, ময়মনসিংহ।
- ১০। অফিস নথি।